



বোরকা-হিজাব নিয়ে সংসদে অবমাননাকর মন্তব্যের প্রতিবাদ হেফাজতের



ছবি: সংগৃহীত

জাতীয় সংসদে বোরকা ও হিজাব প্রসঙ্গে দেওয়া এক সংসদ সদস্যের বক্তব্যের তীব্র সমালোচনা করেছে হেফাজতে ইসলাম বাংলাদেশ।

সোমবার (১৫ জুন) রাতে সংগঠনটির আমির আল্লামা শাহ মুহিবুল্লাহ বাবুনগরী ও মহাসচিব আল্লামা শায়েখ সাজিদুর রহমান এক যৌথ বিবৃতিতে এ প্রতিক্রিয়া জানান।

বিবৃতিতে তারা বলেন, ধর্মীয় বিধান ও মুসলিম নারীদের পোশাক নিয়ে বিদ্বেষমূলক মন্তব্য অনভিপ্রেত এবং তা ধর্মপ্রাণ মানুষের অনুভূতিতে আঘাত করেছে। তারা দাবি করেন, বোরকা ও হিজাব পরা নারীদের ধর্মীয় ও সাংবিধানিক অধিকারকে সম্মান করা উচিত।

হেফাজত নেতারা সংশ্লিষ্ট বক্তব্য প্রত্যাহার ও প্রকাশ্যে দুঃখ প্রকাশের আহ্বান জানান। একই সঙ্গে রাজনৈতিক অঙ্গনে শালীনতা বজায় রাখা এবং ধর্মীয় মূল্যবোধের প্রতি সম্মান প্রদর্শনের ওপর গুরুত্বারোপ করেন।

LENS ASIA